অন্যান্য বিকল্পসমূহ

সৌজন্য সাক্ষাৎ

আপনি যদি নির্ধারিত সময়সীমার মধ্যে মীমাংসা কনফারেন্স বা ট্যাক্স আপিল ট্রাইব্যুনালে আপিল করতে ব্যর্থ হন তাহলে আপনি অর্থ বিভাগের সাথে সৌজন্য সাক্ষাৎ করার জন্য যোগ্য হতে পারেন। যদি সাক্ষাৎ অনুমোদিত হয় তাহলে আপনি আপনার আয়কর পুনর্বিবেচনার জন্য কর বিভাগের নিকট অনুরোধ জ্ঞাপন করতে পারেন। সৌজন্য সাক্ষাতের আবেদনের নির্দেশাবলী অর্থ বিভাগ থেকে প্রাপ্ত বিজ্ঞপ্তিতে উল্লেখ থাকবে যা আপনাকে আপনার করের বাধ্যবাধকতা সম্পর্কে অবগত করবে।

সবশেষে, আপনি যদি সৌজন্য সাক্ষাতের ফলাফলে সন্তুষ্ট না হন তাহলে আপনি আপনার মামলায় নিযুক্ত নিরীক্ষকের সিদ্ধান্তের বিরুদ্ধে একটি এক্সিট কনফারেন্সের আবেদন করতে পারেন।

অর্থ প্রদান পরিকল্পনা

যে সকল ব্যবসায়ী তাদের ব্যবসায়িক করের দেনা পরিশোধ সংক্রান্ত সমস্যা সমাধানে ব্যর্থ হয়, অর্থ বিভাগ সেই সকল কর পরিশোধকারীদের অর্থ পরিশোধের জন্য অর্থ প্রদানের পরিকল্পনা অফার করে।

$500 বা ততোধিক পরিমাণ দেনা পরিশোধের আবেদন করতে সংশ্লিষ্ট বিভাগের ই-সার্ভিসেস ওয়েবসাইট www.nyc.gov/eservices ভিজিট করুন।

আপনার দেনার পরিমাণ যদি $500 এর কম হয় তাহলে অর্থ পরিশোধ সংক্রান্ত আলোচনা করতে অর্থ বিভাগের যেকোনো ব্যবসায়িক কেন্দ্র ভিজিট করুন। কেন্দ্রগুলোর অবস্থান www.nyc.gov/visitdof থেকে জানা যাবে।

NYC আয়কর আইনজীবীর কার্যালয়

এই প্রচারপত্রটি হচ্ছে নিউ ইয়র্ক সিটির আয়কর আইনজীবীর কার্যালয়ের একটি সেবা। অর্থ বিভাগের সাথে আপনি যদি আপনার করের সমস্যা সমাধান করার যথাযথ চেষ্টা করেন কিন্তু আপনার মনে হয় যে আপনি ফলাফলে সন্তুষ্ট নন তাহলে আয়কর আইনজীবীর কার্যালয় আপনাকে সহায়তা করতে পারেন। সহায়তা পাওয়ার জন্য www.nyc.gov/taxpayeradvocate ভিজিট করুন এবং DOF-911, "আয়কর আইনজীবীর কার্যালয় হতে সহায়তা পাওয়ার জন্য আবেদন" ফরমটি পূরণ করুন।

ইমেইল: DOFTaxpayerAdvocate@finance.nyc.gov

কার্যালয়

আয়কর আইনজীবী

যদি প্রতিবন্ধকতার কারণে আপনার অর্থ বিভাগ কর্তৃক পরিচালিত কোনো প্রকল্পে অংশগ্রহণ করতে বা কোনো পরিষেবা গ্রহণ করতে আবেদন করার জন্য বাসস্থান প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে www.nyc.gov/contactdofeeo এ প্রতিবন্ধকতা পরিষেবার সুবিধা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন বা 311 নম্বরে কল করুন।

NYC Department of Finance

nyc.gov/finance 4.29.19

OTA Business Excise Tax [Bengali]

ব্যবসা এবং আবগারী শুল্ক

আপনার অধিকার ও দায়িত্বসমূহ

NYC Department of Finance

কীভাবে আমি আমার ব্যবসায়িক করের দেনার বিবাদ জানাবো?

আপনি যদি অর্থ বিভাগের সাথে আপনার ব্যবসায়িক এবং আবগারি শুল্ক সংক্রান্ত মামলার ফলাফলে সন্তুষ্ট না হন তাহলে আপনি দুইভাবে আবেদন করতে পারেন। আপনি ডিপার্টমেন্ট অব ফিন্যান্স কনসিলিয়েশন ব্যুরোর নিকট সৌজন্য সাক্ষাতের আবেদন করতে পারেন বা ট্যাক্স আপিল ট্রাইব্যুনালের নিকট আপিল দায়ের করতে পারেন।





ডিপার্টমেন্ট অব ফিন্যান্স কনসিলিয়েশন ব্যুরো

সৌজন্য সাক্ষাৎ হচ্ছে আপনার কর সংক্রান্ত বিবাদ দ্রুত, কাঠামোগত শুনানি খরচ ব্যতিরেকে মীমাংসা করার জন্য একটি স্বাধীন, অনানুষ্ঠানিক, নিরপেক্ষ, বিধান বহির্ভূত একটি কনফারেন্স। আপনি যদি সৌজন্য সাক্ষাৎ অনুরোধ করতে চান তাহলে অবশ্যই আপনাকে একটি আবেদন ফরম পূরণ করতে হবে। www.nyc.gov/finance ভিজিট করুন এবং ফরমটি ডাউনলোড করার জন্য “conciliation conference” খুঁজুন।

কীভাবে এটি কাজ করে?

ব্যবসায়িক বা আবগারি করের দেনার জন্য আপনাকে অবশ্যই অর্থ বিভাগ হতে প্রাপ্ত “নির্ধারিত নোটিশ” বা “না-মঞ্জুর নোটিশ” জারির 90 দিনের মধ্যে সৌজন্য সাক্ষাতের জন্য আবেদন করতে হবে।

কনফারেন্সে, আপনি বা আপনার প্রতিনিধি আপনার মতামত সমর্থনে যুক্তি এবং নথিপত্র উপস্থাপন করতে পারবেন। অন্য কেউ যদি আপনার প্রতিনিধিত্ব করে তাহলে অবশ্যই তার পাওয়ার অব অ্যাটর্নি থাকতে হবে এবং আপনাকে কনফারেন্সের আবেদনপত্রের সাথে অবশ্যই ঐ পাওয়ার অব অ্যাটর্নির নথিপত্র জমা দিতে হবে।

মীমাংসাকারী মামলার সত্য ঘটনা উল্লেখপূর্বক সিদ্ধান্ত দেবেন। মীমাংসাকারী অর্থ বিভাগকে প্রাথমিক মীমাংসা বা আপনার দেনা কম করা হতে পারে এ বিষয়টি নিশ্চিত করতে পারেন। অনুরোধক্রমে, আপনি আংশিক বা পুরো অর্থ ফেরত পেতে পারেন।

ট্যাক্স আপিল ট্রাইব্যুনাল

ট্যাক্স আপিল ট্রাইব্যুনাল হচ্ছে কর প্রদানকারী এবং অর্থ বিভাগের মধ্যকার বিবাদ মীমাংসা করার জন্য সিটি চার্টার কর্তৃক প্রতিষ্ঠিত একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান। আপনার প্রশাসনিক আইনসিদ্ধ বিচারক কর্তৃক শুনানির আবেদন করার অধিকার রয়েছে এবং আপনি যদি বিচারকের সিদ্ধান্তের সাথে সম্মত না হন তাহলে ট্রাইব্যুনালের আপিল বিভাগের নিকট আবেদন করতে পারেন।

নিচে উল্লিখিত পদক্ষেপ সম্পর্কিত আরও তথ্য জানতে এবং প্রয়োজনীয় ফরম ডাউনলোড করতে, www.nyc.gov/taxappeals ভিজিট করুন।

কীভাবে এটি কাজ করে?

ধাপ 1: প্রশাসনিক আইনসিদ্ধ বিচারকের শুনানি

আপনার ব্যবসায়িক কর সংক্রান্ত দেনার শুনানির জন্য অবশ্যই আপনাকে প্রদত্ত প্রজ্ঞাপনের 90 দিনের মধ্যে ট্রাইব্যুনালের নিকট আরজি করতে পারেন। একজন নির্ধারিত বিচারক শুনানিপূর্ব কনফারেন্সের আয়োজন করতে পারেন যেখানে পক্ষসমূহ নিষ্পত্তির প্রচেষ্টা করতে পারবে। পক্ষসমূহ যদি নিষ্পত্তিতে না আসতে পারে তাহলে তারা শুনানির প্রক্রিয়ায় যেতে পারে। বিচারক আদালতে বিচার পরিচালনা করবেন এবং ছয় মাসের মধ্যে মীমাংসার জন্য লিখিত নোটিস জারি করবে। আপনার বিচারকের রায়ের বিরুদ্ধে আপিল করার অধিকার রয়েছে।

অনুগ্রহ করে স্মরণ রাখবেন যে, $10,000 বা তার কম অর্থ মূল্যমানের মামলার বিষয়টি ট্রাইব্যুনালের স্মল ক্লেইম ইউনিট পরিচালনা করে। এই মামলাগুলোর আইনগত জটিলতা তুলনামূলকভাবে কম এবং ইউনিটের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করা যাবে না।

ধাপ 2 (ঐচ্ছিক): বিচারকের রায়ের বিরুদ্ধে আপিল

কোনো এক পক্ষ বা উভয় পক্ষ যদি প্রশাসনিক আইন বিচারকের রায় প্রদানের 30 দিনের মধ্যে এর বিরুদ্ধে ট্রাইব্যুনালের আপিল বিভাগের আপত্তি উত্থাপন না করে তাহলে সেক্ষেত্রে উক্ত রায় বাধ্যতামূলক হিসেবে পরিগণিত হবে। বিভাগের তিনজন কমিশনার আপনার আপিল আবেদন বিবেচনা করবেন এবং মীমাংসার জন্য নোটিশ জারি করবেন।

ধাপ 3 (ঐচ্ছিক): ধারা 78 অনুসারে আপিল বিভাগের সিদ্ধান্ত বিশ্লেষণ

আপনি যদি আপিল বিভাগের রায়ে সম্মত না হন তাহলে আপনি নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টে আবেদন করতে পারেন। স্টেট আইনের ধারা অনুসারে গঠিত এই ধরনের আপিল “ধারা 78,” নামে পরিচিত। ট্যাক্স আপিল ট্রাইব্যুনালের নিয়ম অনুসারে আপনার মামলার রায় হওয়ার 120 দিন পর্যন্ত ধারা 78 এর অধীনে মামলা করতে পারেন।

ট্যাক্স আপিলের জন্য যোগাযোগ সংক্রান্ত তথ্য

নিউ ইয়র্ক সিটির ট্যাক্স আপিল ট্রাইব্যুনাল
One Centre Street, New York, NY 10007

আপিল বিভাগ
কক্ষ 2400
ফোন: (212) 669-2070
ফ্যাক্স: (212) 669-2211

প্রশাসনিক আইনসিদ্ধ বিচারকের বিভাগ
কক্ষ 2430
ফোন: (212) 669-4501
ফ্যাক্স: (212) 669-4503